

“ছেলে হোক, মেয়ে হোক,
দুটি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং- পপঅ/প্রশা-১/পরিপত্র/সার্কুলার/২০১৯/বিশেষ-০০৯


তারিখ ২৪ কার্তিক ১৪২৬
০৯ নভেম্বর ২০১৯

অফিস আদেশ

পূর্ব-মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত ঘূর্ণিঝড় ‘বুলবুল’ সম্পর্কিত দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি), জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র (এনডিআরসিসি) এবং আবহাওয়া অধিদপ্তর এর তথ্য মোতাবেক ঘূর্ণিঝড় ‘বুলবুল’ আজ ৯.১১.২০১৯ তারিখ রোজ শনিবার বাংলাদেশের উপকূলীয় ও উপকূল নিকটবর্তী কিছু সংখ্যক জেলায় আঘাত হানার সম্ভাবনা রয়েছে। এ পরিস্থিতিতে সংশ্লিষ্ট এলাকার জনগণকে সেবাদান নিশ্চিত করার নিমিত্ত পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলীয় জেলাসহ ঘূর্ণিঝড় আঘাত হানার সম্ভাবনা রয়েছে এরূপ সকল বিভাগ, জেলা, উপজেলা ও মাঠপর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের ছুটি বাতিল করা হলো। সংশ্লিষ্ট সকলকে সার্বক্ষণিক স্ব স্ব দপ্তরে/সেবাকেন্দ্রে উপস্থিত থেকে উপদ্রুত এলাকার জনগণের সেবা নিশ্চিত করা এবং কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মস্থল ত্যাগ না করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

২। এ বিষয়ে স্থানীয় প্রশাসনের (বিভাগ/জেলা/উপজেলা) সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৩। মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।



(মোঃ হোসেন হোসেন)

অতিরিক্ত সচিব

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

ও

পরিচালক (প্রশাসন)

বিতরণ :

- ১। বিভাগীয় পরিচালক,বিভাগ, পরিবার পরিকল্পনা (সকল)
- ২। উপ পরিচালক, পরিবার পরিকল্পনা.....জেলা (সকল)
- ৩। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি),উপজেলা,.....জেলা (সকল)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ইনস্টিটিউট (নিপোট), আজিমপুর, ঢাকা।
- ৩। পরিচালক/ লাইন ডাইরেক্টর (সকল) ----- এ অধিদপ্তর।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। জেলা প্রশাসক,জেলা (সকল)।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭। সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয়, (সকল)
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা,.....জেলা (সকল)
- ৯। বৈশাখী চৌধুরী, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
- ১১। অফিস কপি।